**চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ**

চউক ভবন, চট্টগ্রাম।

**২০২৬-২০২৭ অর্থবছরে চউক- এর অধীনে দরপত্রে অংশগ্রহণে আগ্রহী সিভিল, যানবাহন মেরামত ও বৈদ্যুতিক ঠিকাদারের নতুন তালিকাভুক্তি ও ইতোপূর্বে তালিকাভুক্ত ঠিকাদারদের তালিকাভুক্তি নবায়নের বিজ্ঞপ্তি।**

চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের অধীনে দরপত্রে অংশগ্রহণের জন্য তালিকাভুক্ত হতে আগ্রহী ঠিকাদার/ঠিকাদারী প্রতিষ্ঠান এবং বর্তমান তালিকাভুক্ত ঠিকাদারগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৬-২০২৭ অর্থবছরে চউক-এ নতুনভাবে তালিকাভুক্ত এবং তালিকাভুক্তি নবায়নে আগ্রহীগণকে অনলাইন সিস্টেমে আবেদন দাখিল করতে হবে। অনলাইন আবেদন ফরম সমূহ (নতুন তালিকাভুক্তি ও নবায়ন) ২৬ জুলাই, ২০২৬ হতে চউক ওয়েবসাইট (www.cda.gov.bd) এর "নাগরিক ই-সেবাসমূহ" ট্যাব হতে আবেদন লিংক এ পাওয়া যাবে এবং উক্ত লিংক- এ বর্ণিত নির্দেশনা অনুযায়ী আবেদন দাখিল করতে হবে। আবেদন লিংক নিম্নরূপঃ

নতুন ঠিকাদার তালিকাভুক্তি : https://www.mygov.bd/services/info?id=BDGS-1775038295

তালিকাভুক্ত ঠিকাদার নবায়ন: https://www.mygov.bd/services/info?id=BDGS-1775039605

**উল্লেখ্য নতুন তালিকাভুক্তি ও তালিকাভুক্তি নবায়নে আগ্রহী ঠিকাদারগণকে আবেদনের পূর্বে আবশ্যিকভাবে www.mygov.bd ওয়েবসাইটে অনলাইন রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে।**

তালিকাভূক্তি নবায়ন এবং নতুন তালিকাভুক্তির ক্ষেত্রে ২৬ জুলাই, ২০২৬ হতে ৩০ সেপ্টেম্বর, ২০২৬ পর্যন্ত তারিখের মধ্যে নির্দিষ্ট ফরম সমূহের প্রত্যেকটি কলাম যথাযথভাবে পূরণ করে অনলাইনের মাধ্যমে নির্বাহী প্রকৌশলী, প্রকল্প বিভাগ এর দপ্তরে প্রেরণ করতে হবে। বিশেষভাবে উল্লেখ্য শুধুমাত্র তালিকাভুক্তি নবায়নের ক্ষেত্রে ৩০ জুন'২০২৭ পর্যন্ত অনলাইন সিস্টেমে আবেদন দাখিল করা যাবে, তবে সেক্ষেত্রে ৩০ সেপ্টেম্বর,২০২৬ তারিখের পর অনলাইনে আবেদন দাখিল করলে প্রতি মাস বা তদাংশ বিশেষের জন্য নবায়ন ফি এর অতিরিক্ত ২% হারে জরিমানা প্রদান করতে হবে।

নতুন তালিকাভুক্তি বা তালিকাভুক্তি নবায়নের ক্ষেত্রে প্রদেয় ফিসের সাথে সরকার নির্ধারিত ১৫% হারে ভ্যাট প্রদান করতে হবে।

তালিকাভুক্ত হতে আগ্রহী (সিভিল/বৈদ্যুতিক) ঠিকাদারী প্রতিষ্ঠান এবং যানবাহন মেরামত (মোটর ওয়ার্কশপ) এর ক্ষেত্রে যে সমস্ত নির্মাণ প্রতিষ্ঠান/ঠিকাদার ভ্যাট, কাস্টমস এন্ড এক্সাইজ বিভাগে এখনো নিবন্ধিত হননি তাদের আবেদন (নতুন তালিকাভুক্তি বা নবায়ন) বিবেচিত হবে না। উল্লেখ্য, চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের নির্ধারিত সময়সীমার মধ্যে ঠিকাদারদের তালিকাভুক্তি নবায়ন করা না হলে তালিকাভুক্তি বাতিল বলে গণ্য করা হবে। যারা পূর্বে চউক ঠিকাদার হিসেবে তালিকাভুক্ত ছিলেন কিন্তু পরবর্তীতে তালিকাভুক্তি নবায়ন করেননি বা করতে পারেননি তারা নতুনভাবে তালিকাভুক্তির জন্য আবেদন করতে পারবেন না তবে নবায়নের জন্য নির্ধারিত ফরমে পূর্ববর্তী বছরের বকেয়া ফি ও জরিমানাসহ আবেদন করতে পারবেন।

তালিকাভুক্তি নবায়নের আবেদনকারীকে অনলাইনে আবেদনপত্রের সাথে জাতীয়তার সনদ, চলতি সালের ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিঃ সার্টিফিকেট, টি.আই.এন সার্টিফিকেট, ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট (প্রযোজ্য ক্ষেত্রে) অবশ্যই সংযুক্ত করতে হবে। অন্যথায় তাদের আবেদন বিবেচনা করা হবে না। কারও আবেদন ফরমে প্রদত্ত তথ্য বা সংযুক্ত সার্টিফিকেট ভুল কিংবা মিথ্যা প্রমাণিত হলে তার তালিকাভুক্তি/ নবায়ন বাতিল করা হবে এবং আবেদনকারীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

কোন ব্যক্তি/প্রতিষ্ঠানের তালিকাভুক্তি প্রদান করা বা না করার অধিকার চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। এই ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত।

এই বিজ্ঞপ্তিটি সিডিএ ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে।

নির্বাহী প্রকৌশলী (প্রকল্প)
চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ
ফোন নং- ০২৩৩৩৬২১১৩।
ইমেইল- cdaproject20@gmail.com